



# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

আঞ্চলিক কার্যালয়, ঢাকা।

১২৮, মালেক ম্যানসন (৯ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা - ১০০০।



স্মারক নম্বর- ডিআরও/উ:/মা:সা:ভা:/গোপাল:-১৪/২০১৭/৬৬০(৪)

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮  
২৩ আগস্ট ২০২১

বিষয়: বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জে অবস্থিত মেসার্স এ্যাকটিভ ইউনানী ল্যাবরেটরী, প্লট নং: এ-০৭, এর নাম ও খাত পরিবর্তনের অনুমোদন।

সূত্র: শি:ন:/বিসিক/গোপাল/প্রকল্প-৯৬/১০-২০২১/২০৭, তারিখ: ২০-০৬-২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের মাধ্যমে সুপারিশসহ প্রাপ্ত প্রস্তাব মোতাবেক বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জে অবস্থিত মেসার্স এ্যাকটিভ ইউনানী ল্যাবরেটরী এর মালিকানা অপরিবর্তিত রেখে নিম্নবর্ণিত বিবরণ মোতাবেক এবং শর্তসমূহ পূরণ স্বাপেক্ষে শিল্প ইউনিটের নাম ও খাত পরিবর্তনের অনুমোদন দেয়া হলো।

ক্র.	বিবরণসমূহ	বিদ্যমান শিল্প ইউনিট	প্রস্তাবিত শিল্প ইউনিট
১.	শিল্প ইউনিটের নাম	মেসার্স এ্যাকটিভ ইউনানী ল্যাবরেটরী	মেসার্স এ্যাকটিভ প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২.	মালিকানার ধরণ	ব্যক্তি মালিকানা	ব্যক্তি মালিকানা
৩.	মালিকের নাম ও ঠিকানা	নাম: মুনাল কান্তি রায় চৌধুরী গ্রাম/মহল্লা: বাসা/হোল্ডিং: ২৪৯. উদয়ন রোড, ডাকঘর+ উপজেলা: গোপালগঞ্জ জেলা: গোপালগঞ্জ	নাম: মুনাল কান্তি রায় চৌধুরী গ্রাম/মহল্লা: বাসা/হোল্ডিং: ২৪৯. উদয়ন রোড, ডাকঘর+ উপজেলা: গোপালগঞ্জ জেলা: গোপালগঞ্জ
৪.	শিল্প ইউনিটের অবস্থান	বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জ।	বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জ।
৫.	প্লট নং	এ-০৭	এ-০৭
৬.	জমির পরিমাণ	৪৫০০ বর্গফুট	৪৫০০ বর্গফুট
৭.	শিল্প খাত	রসায়ন	কাগজ, মুদ্রণ, ও বোর্ড শিল্প
৮.	উপ-খাত	শ্রম উৎপাদন	মাষ্টার কাটুন, শপিং ব্যাগ, ইউনিট কাটুন, লেবেল স্টিকার ইত্যাদি।

## শর্তাবলী :

- এটি শুধুমাত্র নাম ও খাত পরিবর্তনের প্রস্তাব। এ ক্ষেত্রে মালিকানা পরিবর্তন হবে না এবং কোনো প্রকার ফি প্রযোজ্য নয়।
- নতুন শিল্প ইউনিটকে বিসিক হতে নিবন্ধন গ্রহণ করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে নতুন শিল্প ইউনিট উৎপাদনে যাবার পূর্বে উদ্যোক্তা কর্তৃক পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিএসটিআই এবং সরকারের সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সনদপত্র/লাইসেন্স সংগ্রহপূর্বক শিল্পনগরী কার্যালয়ে দাখিল করতে হবে এবং এতদসংক্রান্ত নিয়ম-কানুন যথাযথভাবে পালন করতে হবে।
- মেসার্স এ্যাকটিভ প্রিন্টিং এন্ড প্যাকেজিং-এর অনুকূলে নাম ও খাত পরিবর্তনের চূড়ান্ত পত্র জারীর পূর্বে মেসার্স এ্যাকটিভ ইউনানী ল্যাবরেটরী শিল্প ইউনিটের নিকট কোন প্রকার দায়-দেনা নেই মর্মে শিল্পনগরী কর্মকর্তা নিশ্চিত হবেন।
- প্রস্তাবের সাথে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত অংগীকারনামা সমূহ উদ্যোক্তাকে যথাযথভাবে পালন করতে হবে।
- এছাড়া বিসিকের প্রচলিত বিধি বিধান এবং সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত শর্তাবলী পালন করতে হবে।
- বর্ণিত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে শিল্পনগরী কর্মকর্তা শিল্প ইউনিটের নাম ও খাত পরিবর্তনের চূড়ান্ত পত্র জারী করবেন।

এমতাবস্থায়, মেসার্স এ্যাকটিভ ইউনানী ল্যাবরেটরী ইউনিটের নাম ও খাত পরিবর্তনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, প্রস্তাবের সাথে দাখিলকৃত অংগীকারনামা সমূহ স্থানীয় শিল্পনগরী কার্যালয়ে সংরক্ষণ করত: পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে ফেরৎ দেয়া হলো।

## বিতরণ কার্যার্থে।

সহকারী মহাব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, গোপালগঞ্জ।

(মো: আবদুল মতিন)

আঞ্চলিক পরিচালক

বিসিক, ঢাকা

ফোন: ০১৭১০২২৮৩৬৯

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য।

- পরিচালক (শিল্প উ: ও স:), বিসিক, ঢাকা।
- উপমহাব্যবস্থাপক, শিল্পনগরী ও সমন্বয় শাখা, সম্প্রসারণ বিভাগ, বিসিক, ঢাকা।
- চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জ।
- অফিস কপি।

ইমেইল: [rddhaka@bscic.gov.bd](mailto:rddhaka@bscic.gov.bd)।